

সমসংবাদ

রাজশাহীর শতাধিক বিদ্যালয়ে হরতালে অঘোষিত ছুটি

রফিকুল ইসলাম, রাজশাহী ▷

লাল রঙের কাগজে লেখা একটি চিঠিকে কেন্দ্র করে শিক্ষা নগরী রাজশাহীর শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে অজানা আতঙ্ক ছড়িয়ে পড়েছে। নিরাপত্তার ব্যস্থা না থাকা প্রতিষ্ঠানগুলোতে হরতালের দিনগুলোতে রীতিমতো ছুটি ঘোষণা করা হয়েছে। অখচ সন্ত্রাস্তি হরতালের মধ্যেও ওই সব শিক্ষাপ্রতিষ্ঠানে এত দিন ক্লাস চলে আসছিল। গত ২৭ ফেব্রুয়ারি নগরীর লক্ষীপুর বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষিকাকে লাল কাগজে চিঠি পাঠিয়ে হুমকি দেওয়ার পর থেকে অন্যান্য শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষার্থীদের মধ্যেও ব্যাপক আতঙ্ক দেখা দিয়েছে। ফলে হরতালের দিনে রাজশাহী মহানগরের শতাধিক শিক্ষাপ্রতিষ্ঠানে অঘোষিত ছুটি চলছে।

হরতাল-অবরোধের শুরু দিকে কয়েক দিন রাজশাহী মডেল স্কুল অ্যান্ড কলেজে ক্লাস-পরীক্ষা বন্ধ রাখা হয়। কিন্তু টানা অবরোধ এবং একের পর এক হরতালের কারণে যখন-শিক্ষাব্যবস্থা বিপর্যস্ত হওয়ার মুখে তখন পুনরায় ক্লাস-পরীক্ষা শুরু করা হয়। এমনই অবস্থায় লক্ষীপুর বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষিকাকে লাল কাগজে চিঠি পাঠিয়ে হুমকি দেওয়া হয়। এ ঘটনায় মডেল স্কুল অ্যান্ড কলেজের শিক্ষক-শিক্ষার্থীদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে। বিষয়টি নিয়ে শিক্ষক-শিক্ষার্থী ও অভিভাবকদের জরুরি সভা ডাকা হয়। সিদ্ধান্ত হয় হরতালের দিনও ক্লাস-পরীক্ষা স্বাভাবিক রাখার। এর পাশাপাশি শিক্ষাপ্রতিষ্ঠানটিতে নিরাপত্তাব্যবস্থা জোরদারের ওপর বেশি গুরুত্ব দেওয়া হয়।

বিষয়টি স্বীকার করে রাজশাহী মডেল স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ এস এম জার্নিস কান্দির বলেন, 'লক্ষীপুর বালিকা উচ্চ বিদ্যালয়ে চিঠি দেওয়ার ঘটনায় তেমন আতঙ্কিত হওয়ার কারণ নেই বলে প্রশাসনের পক্ষ থেকে সবাইকে আশ্বস্ত করা হয়েছে।'

লাল চিঠির কারণে আতঙ্কে নগরীর শিমুল মেমোরিয়াল নর্থ সাউথ স্কুলে গতকাল সোমবার থেকে ক্লাস-পরীক্ষা স্থগিত রাখা হয়েছে। বিষয়টি নিশ্চিত করে ওই স্কুলের এক কর্মকর্তা নাম প্রকাশ না করার শর্তে বলেন, 'যেহেতু এই শিক্ষাপ্রতিষ্ঠানের সব শিক্ষার্থীই কচিকাঁচা। কাজেই তাদের নিরাপত্তার বিষয়টিই আগে কর্তৃপক্ষ মাথায় রেখেছে। এই আতঙ্কের মধ্যে অভিভাবকরাও সন্তানদের শিক্ষাপ্রতিষ্ঠানে আনা-নেওয়া করতে সাহস পাচ্ছেন না। ফলে শিক্ষাপ্রতিষ্ঠানটিতে হরতালের দিন কোনো ক্লাস-পরীক্ষা না হওয়ার ঘোষণা দেওয়া হয়েছে। পরিস্থিতি স্বাভাবিক হলে পুনরায় ক্লাস-পরীক্ষা শুরু করা হবে।'

একই চিঠির কারণে অজানা আতঙ্কে নগরীর শতাধিক শিক্ষাপ্রতিষ্ঠানে অঘোষিত ছুটি দেওয়া হয়েছে। শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারীরা সকালের দিকে একবার প্রতিষ্ঠানে হাজিরা দিয়ে আসছেন। কখনো কখনো দুপুর পর্যন্ত শুধু বনে সময় কাটিয়ে ফিরছেন।

শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে অজানা এই আতঙ্কের বিষয়টি নিয়ে জানতে চাইলে রাজশাহী মহানগরীর পুলিশের উপকমিশনার (সদর) তনভির হায়দার চৌধুরী কালের কণ্ঠকে বলেন, 'লক্ষীপুর স্কুলের প্রধান শিক্ষিকার কাছে ওই চিঠি আসার পর থেকে নগরীর শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে পুলিশি টহল জোরদার করা হয়েছে। সেই সঙ্গে পুলিশ প্রশাসনের পক্ষ থেকে শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধানদের আশ্বস্ত করা হয়েছে যে চিঠিটি কেবলই আতঙ্ক সৃষ্টির উদ্দেশ্যে পাঠানো হয়েছে।'